

# কালের কণ্ঠ

---

আপডেট : ৯ মার্চ, ২০১৯ ২৩:১৬

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

শিক্ষার্থীদের আগ্রহ কমছে গবেষণায়

 শিক্ষার্থীদের আগ্রহ কমছে গবেষণায়

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নানা জটিলতায় উচ্চতর গবেষণায় আগ্রহ হারাচ্ছেন শিক্ষার্থীরা। ফলে গবেষণার ক্ষেত্রে শিক্ষার্থীর সংখ্যা কমছে। একদিকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুযদ ও ইনস্টিটিউটে এমফিল ও পিএইচডি কোর্সে ভর্তির ক্ষেত্রে কঠিন শর্ত আরোপ করা হয়েছে; আবার গবেষণায় আগ্রহী পিএইচডি শিক্ষার্থীরা গবেষণাকাজ তত্ত্বাবধান করার জন্য অধ্যাপক পাচ্ছেন না।

গবেষণাকে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ অর্জন বলা হলেও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে গবেষকের সংখ্যা খুবই নগণ্য। পিএইচডি শিক্ষার্থীকে গবেষণার জন্য আবেদন করতে হলে শিক্ষাজীবনে কমপক্ষে ৫০ শতাংশ নম্বর, তিন বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গবেষকের জন্য ডেস্ক, ক্লাস নেওয়ার সুযোগ ও সম্মানীর ব্যবস্থা না থাকা আর গবেষণাকাজে তত্ত্বাবধানের জন্য সুপারভাইজের অভাবে এ বিশ্ববিদ্যালয়ে গবেষণা করতে আগ্রহ হারাচ্ছেন শিক্ষার্থীরা।

গত বছরের ২০ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর থেকে প্রকাশিত ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা’ থেকে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার গুণগত মান বাড়ানোর লক্ষ্যে ২০১২-১৩ শিক্ষাবর্ষ থেকে পিএইচডি প্রগ্রাম চালু করা হয়। ওই শিক্ষাবর্ষে ১০ গবেষক যোগ দেন পিএইচডি প্রগ্রামে। ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ৯ জন করে গবেষক যোগ দেন। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১৪ জন, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে পাঁচজন এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১২ জন গবেষক যোগ দেন। ২০১৬-১৭ শিক্ষাবর্ষে গবেষণা খাতে বরাদ্দ ছিল ৬০ লাখ টাকা এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ছিল এক কোটি ২০ লাখ টাকা।

নৃবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ফাতেমা সুলতানা শুভ্রা বলেন, ‘শিক্ষার কাঠামোগত কারণে পিএইচডি শিক্ষার্থী ধীরে ধীরে কমে যাচ্ছে।’

উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বলেন, ‘গবেষণার উচ্চমান ধরে রাখতে এবং বিশ্ববিদ্যালয়ের সুনামের স্বার্থেই শর্তারোপ করা হয়েছে। আসলে গবেষণার বিষয়টি নির্ভর করে যিনি গবেষণা করবেন এবং যিনি সুপারভাইজ করবেন তাঁর ওপর।’

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com